

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-২৬২

তারিখ : ২৭ জানুয়ারি, ২০১৬

বিষয় : উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রত্যেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (পুরুষ ও মহিলা)-গণের অনুকূলে একটি করে ট্যাবলেট পিসি (সিমসহ) ক্রয়ের অনুমতি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহারের নিমিত্ত রাজস্ব তহবিলের অর্থায়নে পরিষদ সভায় অনুমোদনক্রমে সিমসহ প্রতিটি ট্যাবলেট পিসির ক্রয়মূল্য ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে এতদসংক্রান্ত বিধিবিধান, পিপিআর, ২০০৬ ও পিপিএ, ২০০৮ অনুসরণপূর্বক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (পুরুষ ও মহিলা) গণের জন্য প্রতিটি উপজেলা পরিষদে ০২টি করে ট্যাবলেট পিসি ও ০২টি করে সিম নিম্নোক্ত শর্তে ক্রয়ের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

- (ক) ট্যাবলেট পিসি ও সিম শুধুমাত্র দাপ্তরিক কাজে এবং নিরাপত্তার সাথে যথাযথভাবে ব্যবহার ও সংরক্ষণ করতে হবে।
- (খ) ট্যাবলেট পিসি ও সিম চুরি কিংবা হারানো গেলে সংশ্লিষ্ট ভাইস চেয়ারম্যানকে ব্যক্তিগত তহবিল হতে তা ক্রয়পূর্বক পরিষদে জমা প্রদান করতে হবে;
- (গ) পরিষদের মেয়াদ শেষ হলে ট্যাবলেট পিসি ও সিম সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের নিকট জমা প্রদান করতে হবে। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ পরবর্তী নির্বাচিত ভাইস চেয়ারম্যানগণের নিকট উক্ত ট্যাবলেট পিসি ও সিম পুনরায় হস্তান্তর করবেন; এবং
- (ঘ) সংশ্লিষ্ট উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানদ্বয়ের (পুরুষ ও মহিলা) পদের নামের বিপরীতে সিম ০২টি রেজিস্ট্রেশন করতে হবে এবং রেজিস্ট্রেশনকৃত সিম ব্যতীত অন্য কোন সিম ট্যাবলেট পিসিতে ব্যবহার করা যাবে না।

২। দাপ্তরিক কাজে ব্যবহারের শর্তে ট্যাবলেট পিসিতে ব্যবহৃত প্রতিটি সিমের মাসিক ইন্টারনেট বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এর ৫(ঢ) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদের অনুমোদনক্রমে পরিশোধ করা যাবে। উল্লেখ্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণ (পুরুষ ও মহিলা) প্রত্যেকে শুধুমাত্র ০১টি করে সিম ব্যবহারের জন্য ইন্টারনেট বিল উত্তোলন করতে পারবেন।

J. Min  
27/01/2016  
(ড. জুলিয়া মর্গন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৬২২৪৭

- ১। চেয়ারম্যান (সকল)..... উপজেলা পরিষদ.....জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... উপজেলা.....জেলা।
- ৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান (সকল)..... উপজেলা পরিষদ.....জেলা।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক (সকল),.....জেলা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), ..... উপজেলা, .....জেলা।
- ৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।